# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৪৫৬

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪৮. প্রথম অনুচ্ছেদ - কুরবানী

بَابٌ فِي الْأُضْحِيَّةِ

## আরবী

وَعَنْ عُقْبَةَ بْنِ عَامِرٍ: أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَعْطَاهُ غَنَمًا يقسمها على صحابته ضحايا فَبَقِيَ عتود فَذكره لِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: «ضَحِّ بِهِ أَنْتَ» وَفِي رِوَايَةٍ قُلْتُ: يَا رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أصابني جذع قَالَ: «ضح بِهِ»

## বাংলা

১৪৫৬-[৪] ’উক্ববাহ্ ইবনু ’আমির (রাঃ)হতে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একবার তাঁর সাহাবীদের মধ্যে কুরবানী করার জন্য বণ্টন করার সময় ’উক্ববাকে কতগুলো ছাগল-ভেড়া দিলেন। বণ্টনের পর একটি এক বছরের বাচ্চা ছাগল রয়ে গেল। তিনি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে তা জানালেন। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, এটি তুমি কুরবানী করে দাও। অপর এক বর্ণনায় আছে, আমি বললাম, হে আল্লাহর রসূল! আমার ভাগে তো একটি মাত্র বাচ্চা ছাগল রইল। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, তুমি এটাই কুরবানী করে দাও। (বুখারী, মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ : বুখারী ২৩০০, মুসলিম ১৯৬৫, আত্ তিরমিযী ১৫০০, নাসায়ী ৪৩৭৯, ইবনু মাজাহ্ ৩১৩৮, ইবনু হিব্বান ৫৮৯৮।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: ছাগলের মালিকানা নিজেই রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ছিলেন। তিনি সাহাবীদের মাঝে বণ্টনের আদেশ দিয়েছিলেন দানের জন্য। আবার হতে পারে ছাগলগুলো মালে ফায় (বিনা যুদ্ধে যে গনীমাত অর্জিত হয় তাকে মালে ফায় বলে) এর ছিল। হাদীসে প্রমাণিত হয় যে, দায়িত্বশীল তথা রাষ্ট্র প্রধানের জন্য বৈধ হবে যারা বায়তুল মালের হকদার না তাদেরকে কুরবানীর জন্তু দিতে পারবে। (عَتُوْدٌ) খাস করে ছাগলের বাচ্চা যার বয়স

এক বৎসর হয়েছে। আর হাদীসে প্রমাণ করে ছাগল দিয়ে কুরবানী বৈধ হবে যার এক বৎসর হবে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56016

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন